



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
কেন্দ্রীয় সচিবালয়  
ওয়াদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা  
[www.bpdb.gov.bd](http://www.bpdb.gov.bd)



জরুরি

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫২.০০৩.২১-৩৪৮

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮  
০৯ আগস্ট ২০২১

### অফিস আদেশ

গত ০৩ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত কোভিড-১৯ সংক্রমণের পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, দেশের অর্থ-সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় আগামী ১১ আগস্ট ২০২১ তারিখ হতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত শর্তাবলি সংযুক্ত করে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ করা হল:

#### ক) সাধারণ নির্দেশাবলী:

- সকল প্রকল্প/দপ্তর/পরিদপ্তর স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক খোলা থাকবে;
- বোর্ডসভার কার্যপত্র (বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে) ও কার্যবিবরণী ই-নথিতে প্রেরণ করতে হবে। যে সকল দপ্তর ই-নথিতে সংযুক্ত নয় সে সকল দপ্তর নিয়ন্ত্রণকারী সদস্যের অনুমোদন সাপেক্ষে কার্যপত্র ও কার্যবিবরণী স্ক্যান করে PDF ও Soft কপি (নিকস্ ফন্টে) ([ds.board@bpdb.gov.bd](mailto:ds.board@bpdb.gov.bd)) ই-মেইলে প্রেরণ করতে হবে;
- সকল কর্মকর্তা/কর্মচারীকে দ্রুত নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্রে নিবন্ধন করে কোভিড-১৯ এর টিকা গ্রহণ করতে হবে।

#### খ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের জন্য নির্দেশাবলী:

- সারাদেশের বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা সচল রাখার স্বার্থে সকল বিদ্যুৎ কেন্দ্র চালু থাকবে;
- বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের সকলপ্রকার ছুটি বন্ধসহ বিদ্যুৎ কেন্দ্র এলাকার বাইরে বের হওয়া থেকে বিরত রাখতে হবে। বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ থাকবে;
- বিদ্যুৎ কেন্দ্র এলাকার বাইরে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নির্ধারিত স্বাস্থ্য কেন্দ্র/হাসপাতাল হতে কোভিড-১৯ পরীক্ষা করে ফলাফল নেগেটিভ হলে তাকে অনূন্য এক মাস বিদ্যুৎ কেন্দ্রে অবস্থানের শর্তে বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশের অনুমতি প্রদান করা যাবে;
- বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রবেশদ্বার বন্ধ থাকবে। বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জরুরি প্রয়োজনে বহিঃসেবা গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ প্রতিদিন ১ (এক) ঘন্টার জন্য প্রধান প্রবেশদ্বার খোলা রাখবে।

#### গ) বিতরণ অঞ্চলের জন্য নির্দেশাবলী:

- বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে আওতাধীন সকল বিতরণ বিভাগ/অঞ্চল খোলা থাকবে;
- বিতরণ বিভাগ/অঞ্চলের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে ক্ষুদ্র ক্ষুদ্র দল গঠন করতঃ সার্বক্ষণিক গ্রাহক সেবা প্রদানে পালাভিত্তিক দায়িত্ব প্রদান করতে হবে;
- গ্রাহক অভিযোগসমূহ দ্রুত সমাধানে এলাকা/ফিডার ভিত্তিক দলগত ব্যবস্থাপনা ও নজরদারি বৃদ্ধি করতে হবে।

ঘ) প্রকল্প এলাকার জন্য নির্দেশাবলী:

১. উৎপাদন/বিতরণ অঞ্চলের সকল প্রকল্পের কাজ চলমান থাকবে;
- ৬
২. পরিকল্পনা অনুযায়ী চলমান প্রকল্পসমূহ মানসম্মতরূপে যথাসময়ে বাস্তবায়নের লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় জোরদার ও নজরদারি বৃদ্ধি করতে হবে।



০৯-০৮-২০২১

(সাইফুল ইসলাম আজাদ)

সচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-২২৩৩৮৭৩৫০

ই-মেইল: [Secretary@bpdb.gov.bd](mailto:Secretary@bpdb.gov.bd)

নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫২.০০৩.২১-৩৪৮

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮  
০৯ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য, প্রশাসন/অর্থ/কোম্পানি অ্যাফেয়ার্স/পরিকল্পনা ও উন্নয়ন/উৎপাদন/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৪। সকল প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক(প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী)/মহাব্যবস্থাপক/নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৫। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সকল পরিচালক/ব্যবস্থাপক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ১০। সকল উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক/আবাসিক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
- ১৩। অফিস কপি।



০৯-০৮-২০২১

(প্রনব কুমার ঘোষ)

উপসচিব (সংস্থাপন)

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা

☎: ০২-২২৩৩৮০৫২৩